

দেশ রূপান্তর

তারিখঃ ১০/১২/২০২৫ (পৃষ্ঠাঃ ০৯)

একনজরে

কৃষি পরামর্শ প্রচারে ব্রিতে কর্মশালা

গাড়ীপুর প্রতিনিধি

‘আবহাওয়ার পূর্বাভাস-ভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে ডিগ্টি ও ইলেকট্রনিক মিডিয়ায় ‘ভূমিকা’ শীর্ষক নিম্নোক্ত এক কর্মশালা গতকাল মঙ্গলবার প্রতিষ্ঠানের ট্রেনিং কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ যান ব্যবসায়ী ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় গণমাধ্যম কীভাবে কৃষকদের কাছে সমন্বয়পর্বোচিত তথ্য পৌঁছে দিতে পারে আলোচনায় উঠে আসে সেই বিষয়গুলো।

প্রথম আলো

তারিখঃ ১০/১২/২০২৫ (পৃষ্ঠাঃ ০৭)



কর্মশালায় ব্রি ডিজি

কৃষিতে ফলন বিপর্যয় রোধে আবহাওয়ার পূর্বাভাস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে

● গাজীপুর জেলা ও মহানগর প্রতিনিধি

কৃষিতে ফলন বিপর্যয় রোধে আবহাওয়ার পূর্বাভাস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জলবায়ুজনিত বিরূপ প্রভাবে প্রতি বছরই আমাদের কৃষিতে নানা রকম ক্ষতিকর প্রভাব পরিলক্ষিত হয়। সম্প্রতি এর মাত্রা উদ্বেগজনকভাবে বেড়েছে। আমাদের আশঙ্কা ভবিষ্যতে এই প্রভাব আরো বাড়বে। যা আমাদের খাদ্যনিরাপত্তাকে হুমকির মুখে ফেলবে। তাই কৃষির এই ক্ষতি মোকাবেলায় আমাদের অন্যতম সমাধান হতে পারে সঠিক সময় আবহাওয়ার আগাম সতর্কবার্তা। এ ক্ষেত্রে গণমাধ্যম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান গতকাল 'আবহাওয়ার পূর্বাভাসভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ভূমিকা' শীর্ষক দিনব্যাপী কর্মশালায় এ কথা বলেন ট্রেনিং কমান্ডারের সভাপতি ও কর্মশালা অনুষ্ঠিত হয়।

তিনি বিজ্ঞানী থেকে কৃষক পর্যায়ে এ সংক্রান্ত নানা তথ্য পৌঁছে দিতে গণমাধ্যমের সক্রিয় ভূমিকা আশা করে আরো বলেন, ব্রি এ পর্যন্ত ১২১টি ধানের উন্নত জাত উদ্ভাবন করেছে, যার মধ্যে ৩৬টি প্রতিকূল জলবায়ু সহিষ্ণুজাত। এই ধান আমাদের নতুন সম্ভাবনার দরজা খুলে দিয়েছে। চোরই পথে অনেক ধরনের বীজ ধান দেশে আসে। এগুলোর বিষয়ে আমাদের সতর্ক থাকতে হবে। এই বীজ ধানের সাথে ক্ষতিকর রোগজীবাণু ও ব্যাক্টেরিয়া ছড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে। যা আমাদের সামগ্রিক উৎপাদন ব্যবস্থায় সমস্যা সৃষ্টি করতে পারে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সজান খানম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন এগ্রোমেট ল্যাবের ল্যাবরেটরি কো-অর্ডিনেটর ড. এ বি এম জাহিদ হোসেন। সভাপতিত্ব করেন পরিচালক (গবেষণা)

ও ল্যাবরেটরি প্রধান ড. মো: রফিকুল ইসলাম। কর্মশালা সঞ্চালনা করেন উর্ধ্বতন যোগাযোগ কর্মকর্তা ড. মোহাম্মদ আব্দুল মোমিন। এ ছাড়া কর্মশালায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের প্রধান ও বৈজ্ঞানিক কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে ড. মো: রফিকুল ইসলাম বলেন, কারখানা বর্জ্যের কারণে আমাদের মাটির স্বাস্থ্য নষ্ট হচ্ছে। কারখানা মালিকরা খরচ বাঁচাতে ইটিপি বন্ধ করে রাখে। অথচ সঠিক ট্রিটমেন্টের মাধ্যমে কারখানার এই বর্জ্য ভালো মানের সারে হতে পারে। মাটির স্বাস্থ্য রক্ষাও আমাদের কৃষি উৎপাদন বৃদ্ধিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে জানানো হয় ব্রি এ পর্যন্ত ১২১টি ধানের জাত উদ্ভাবন করেন। ইতোমধ্যে ব্রি উন্নত ২২টি ধানের জাত বিদেশে চাষাবাদের জন্য অনুমোদন পেয়েছে, যা দেশের গবেষণা সক্ষমতার আন্তর্জাতিক স্বীকৃতি।

কৃষকদের সরাসরি সেবা দিতে ব্রি কলসেন্টার ০৯৬ ৪৪৩ ০০৩০০ চালু করেছে, যেখানে প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কৃষকরা আবহাওয়াজনিত, কীটব্যাদি, জাত নির্বাচনসহ বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ পাচ্ছেন।

কর্মশালায় গাজীপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি এনটিভি ও দৈনিক আমার দেশ পত্রিকার স্টাফ রিপোর্টার নাসির আহমেদ, সাবেক সভাপতি ও ইন্ডেক্সকের প্রতিনিধি মুজিবুর রহমান, সাবেক সভাপতি ও জনকণ্ঠের স্টাফ রিপোর্টার মোস্তাফিজুর রহমান টিটু, কালেরকণ্ঠের শামীম আহমেদ, দিনকালের দেলোয়ার হোসেন, সংগ্রামের স্টাফ রিপোর্টার মো: রেজাউল বারী বাবুল, দেশ রূপান্তরের প্রতিনিধি মো: আমিনুল ইসলাম, প্রথম আলোর মো: মাসুদ রানা, প্রতিদিনের সংবাদের প্রতিনিধি হাসমত আলী, নয়া দিগন্তের শেখ মো: আজিজুল হক, ডিবিসি নিউজের সাংবাদিক মাহমুদা শিকদার প্রমুখ বক্তব্য রাখেন।

আবহাওয়াভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে মিডিয়ার ভূমিকা বিষয়ক কর্মশালা

গাজীপুর প্রতিনিধি

অনলাইন ভার্সন

বুধবার, ১০ ডিসেম্বর, ২০২৫



গাজীপুরের বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ‘আবহাওয়ার পূর্বাভাস- ভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ভূমিকা’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ব্রির পরিচালক (গবেষণা) এবং ল্যাবরেটরি চিফ (ব্রি এগ্রোমেট ল্যাব) ড. মো: রফিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খানম।

কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ব্রির সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র সাইন্টিফিক অফিসার এবং ব্রি এগ্রোমেটল্যাবের ল্যাবরেটরি কো-অর্ডিনেটর ড. এ বি এম জাহিদ হোসেন।

কর্মশালায় ব্রির বিভাগ ও শাখা প্রধান এবং গাজীপুরে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা অংশ নেন।

বিডি-প্রতিদিন/আশফাক